

অধিবেশন নং- ০৫/২০২৪

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যগণের নাম (ক্রমানুসারে)

ক্রঃনং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
০১	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ	সভাপতি	স্বাক্ষরিত
০২	উপজেলা ভাইস চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য	"
০৩	চেয়ারম্যান, ভদ্রঘাট ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৪	চেয়ারম্যান, বাত্রীল ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৫	চেয়ারম্যান, জামতৈল ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৬	চেয়ারম্যান, রায়দৌলতপুর ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৭	উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য সচিব	"

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ


তারিখ : ০১/০৪/২০২৪ খ্রিঃ সময় : সকাল: ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

অদ্য ০১/০৪/২০২৪ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। অতঃপর নিম্নে বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

(১) উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ সভায় জানান যে, অত্র উপজেলার শালদাইড সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ স্বল্পতার কারণে কোমলমতি শিক্ষার্থীর পাঠদান ব্যাহত হচ্ছে। শ্রেণিকক্ষ সম্প্রসারণের জন্য উক্ত ভবনের নিচে দুইটির কক্ষ নির্মাণের বিষয়ে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিশ্চিত করার উক্ত বিদ্যালয়টির ভবনের নিচে দুটি কক্ষ তৈরির জন্য = ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বরাদ্দের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

  
সদস্য সচিব

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার  
কামারখন্দ, সিরাজগঞ্জ

  
সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
কামারখন্দ, সিরাজগঞ্জ